ভোরের কাগজ

15 2002

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৬

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

ঢা.বি শিক্ষক সমিতির দাবি

# বিশ্ববিদ্যালয় এলাকা থেকে পুলিশ বিডিআর প্রত্যাহার করতে হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অতিরিক্ত পুলিশ, বিডিআর প্রত্যাহার, ক্যাম্পসে বহিরাগত সন্ত্রাসীদের প্রবেশ নিষিদ্ধ এবং ছাত্রদের নামে দায়েরকৃত সকল মামলা প্রত্যাহার করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নির্বিঘ্ন করার দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল শিক্ষক ক্লাবে অনুষ্ঠিত সমিতির এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব পাস হয়।

এ ছাড়াও ২৩ জুলাই রাতে শামসুন্নাহার হলের ঘটনাকে কেন্দ্র করে ছাত্র-শিক্ষকদের ওপর পুলিশি নির্যাতনের বিচার দাবি করেছে শিক্ষক সমিতি। মূলত ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত স্থগিত করার প্রতিবাদে তরুণ শিক্ষকদের তলবি সভার দাবির মুখে সমিতি এ জরুরি সভা আহ্বান করে। সভা শুরুর ১০ মিনিট পরই আলোচনা অন্যদিকে মোড় নেয়। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ বিডিআরের উপস্থিতি নিয়ে সাদা ও নীল দলের শিক্ষকদের মধ্যে কয়েক দফা উত্তপ্ত বাক্য বিনিময় হয়।

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

## বিশ্ববিদ্যালয় এলাকা

● শেষের পাতার পর

সাদা দলের সমর্থক শিক্ষক মোশাররফ হোসেন মেসবাহ কামালকে চিটার বলে উল্লেখ করেন।

এ সময় উপস্থিত নীল ও গোলাপি দলের শিক্ষকরা এর প্রতিবাদ জানায়। তিনি রোকেয়া হল বন্ধ থাকা অবস্থায় যে সকল মেয়ে হলের তালা ভাঙতে গিয়েছিল তাদের শোকচ করার দাবি জানান। নীল দলের শিক্ষক সাবেক উপাচার্য এ কে আজাদ চৌধুরী বলেন, শহীদ মিনার-অপরাজেয় বাংলার দিকে তাকালে আমাদের লজ্জা হয়। পুলিশ-বিডিআর অবরুদ্ধ করে রেখেছে আমাদের প্রাণের মিনার। এটা জাতির জন্য লজ্জাকর।